

স্নাতকোত্তর পরীক্ষা ২০১৭

বাংলা

সেমিস্টার : ২ : কোর্স : ২

বাংলা কাব্য (আধুনিক যুগ)

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক - ১

- ১। সমগ্র 'মেঘনাদবধ কাব্য'-এর প্রেক্ষিতে চতুর্থ সর্গের প্রয়োজনীয়তা কতখানি সে-বিষয়ে আলোচনা করো। ১০
- ২। 'কুলবধূর কোমলতা,পতিপ্রাণার আত্মবিসর্জন এবং বীরাজনার শৌর্য একসঙ্গে মিলিত হইয়া প্রমীলা চরিত্রকে সাহিত্য জগতে অতুলনীয় করিয়াছে।'— 'মেঘনাদবধ কাব্য' অবলম্বনে মন্তব্যটির যাথার্থ্য বিচার করো।
- ৩। মেঘনাদ-নিধনের ক্ষেত্রে দেবতাদের আনুকূল্য অথবা লক্ষ্মণের বীরত্ব কোন্টি অধিকতর উজ্জ্বল হয়ে উঠেছে আলোচনা করে দেখাও। ১০

একক - ২

- ৪। 'রূপসী বাংলা জুড়ে বিষন্ন এক খেদ।'— সমালোচকের এই মন্তব্য 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতার ক্ষেত্রে কতখানি প্রযোজ্য হতে পারে তা আলোচনা করো। ১০
- ৫। 'আট বছর আগের একদিন' কবিতা প্রসঙ্গে কবি জীবনানন্দ এক জায়গায় বলেছিলেন, " 'আত্মঘাতী ক্লান্তি' আমার কবিতার প্রধান আবহাওয়া নয়, কোনোদিনই ছিল বলে মনে পড়ে না।... কবিতাটি subjective নয়, একটা dramatic representation মাত্র।"— কবির এই মন্তব্য ওই কবিতাটি সম্পর্কে কতদূর গ্রহণযোগ্য তা বিচার করো। ১০
- ৬। অমিয় চক্রবর্তীর 'বড়োবাবুর কাছে নিবেদন' কবিতায় নির্বাসিত কেরানি 'কী কী কেড়ে নিতে পারবে না' বলে জানিয়েছে, সে সম্পর্কে আলোচনা করো। ১০

একক - ৩

- ৭। 'নৈরাশ্যবোধ থেকে মুক্তি এবং সংগ্রামী প্রত্যয় সুভাষ মুখোপাধ্যায়ের কবিতার প্রধান বীক্ষা'। প্রাসঙ্গিক কবিতা অবলম্বনে মন্তব্যটি বিচার করো। ১০
- ৮। 'মেজাজ' কবিতায় কালো বধূটির ব্যক্তিগত সংকটকে উপনিবেশবাদ ও বর্ণবৈষম্যবাদ বিরোধী আন্দোলনের সঙ্গে যুক্ত করে এক অন্য মেজাজ দান করা হয়েছে।'— আলোচনা করো। ১০
- ৯। 'সত্যি বলা ছাড়া আর কোনো কাজ নেই কবিতার'। শঙ্ক ঘোষের এই মন্তব্যটি পাঠ্য কবিতা অবলম্বনে আলোচনা করো। ১০

১০। টীকা লেখো (যে-কোনো দুটি) :

২×৫=১০

- (ক) 'সপ্ত দিবানিশি লক্ষ্মা কাঁদিলো বিষাদে'
(খ) 'আমরা তো তিমিরবিনাশী'
(গ) 'হারানো ছড়ানো পাগল'
(ঘ) 'ভবিষ্যৎ কথা বলছে শোনো, / ত্রুশ্চন্ডের গলায়।'
(ঙ) 'আমারই হাতে এত দিয়েছ সম্মার ?'
(চ) 'অন্ধ আমি, দেখতে পাই না, আমিই তবু রাজ্যশিরে'